# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd


স্মারক নং : পিএস/বাইসেক/২০২৪/১৫ তারিখ : ১৯/০২/২০২৪ খ্রি.

বিষয় : ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার সিলেবাস বিষয়ক সিদ্ধান্ত অবহিতকরণ

সূত্র : ১) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৮/০১/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।
২) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা-এর স্মারক নং- এনসিটিবি/শিক্ষা/২৫৭/২০০৯/২৭০, তারিখ : ১৩/০২/২০২৪ খ্রি.।
৩) বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির স্মারক নং- আশিবো/প্রশা:/২০১০/১১ তারিখ : ১৮/০২/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, গত ২৮ জানুয়ারি ২০২৪ খ্রি. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় ২০২৫ সালের অনুষ্ঠিতব্য এইচএসসি ও সমমান পরীক্ষার সিলেবাস ২০২৩ সালে অনুষ্ঠিত এইচএসসি ও সমমান পরীক্ষার জন্য পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে ২০২৫ সালের অনুষ্ঠিতব্য এইচএসসি ও সমমান পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা কর্তৃক অনুমোদিত ২০২৩ সালে অনুষ্ঠিত এইচএসসি ও সমমান পরীক্ষার জন্য পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি :

১. শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৮/০১/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।
২. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা-এর ১৩/০২/২০২৪ তারিখের পত্র।
৩. বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির স্মারক নং- আশিবো/প্রশা:/২০১০/১১ তারিখ : ১৮/০২/২০২৪ খ্রি.।

১৯/০২/২০২৪

(প্রফেসর ড. মো. নিজামুল করিম)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান
এ বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা
ও
সভাপতি, বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৪. অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

বিষয়: ২০২৫ সালের এইচএসসি, আলিম ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার সিলেবাস বিষয়ক সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মহিবুল হাসান চৌধুরী এম.পি., মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ | : ২৮ জানুয়ারি, ২০২৪ খ্রি. |
| সময় | : বেলা ০১:৩০ টা |
| স্থান | : সভাকক্ষ (কক্ষ নম্বর-১৮১৫), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২৫ সালের এইচএসসি, আলিম ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার সিলেবাস বিষয়ক সভার কার্যক্রম শুরু করেন। ২০২৫ সালের এইচএসসি পরীক্ষা ২০২৩ সালের পরীক্ষার অনুরূপ সিলেবাসে গ্রহণ করা হবে কি-না সে বিষয়ে বিস্তারিত আলোচনা করার জন্য তিনি চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)-কে আহ্বান জানান।

০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০২৫ সালের এইচএসসি পরীক্ষা, ২০২৩ সালের পরীক্ষার অনুরূপ সিলেবাসে গ্রহণ করা যেতে পারে মর্মে যৌক্তিকতাসহ মতামত প্রদান করেন এবং নিম্নোক্ত প্রস্তাব উপস্থাপন করেন:

- ২০২৫ সালের পরীক্ষার্থীদের এই ব্যাচটি ২০২০ সালে কোভিডকালে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত ছিল, যারা মূলত কোভিডের কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় পুরো অষ্টম ও নবম শ্রেণিতে সাধারণ ক্লাস করার সুযোগ পায়নি। ইতিপূর্বে এই শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী নবম ও দশম শ্রেণিতে অধ্যয়ন করেছে এবং পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ীই ২০২৩ সালে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে। সেক্ষেত্রে উক্ত শিক্ষার্থীদের জন্য পূর্ণাংগ সিলেবাস অনুসরণ করা বাড়তি চাপ হয়ে যেতে পারে। এ কারণে ২০২৫ সালে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য ২০২৩ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুসরণ করাই যৌক্তিক।
- নিয়ম অনুযায়ী উক্ত ব্যাচের একাদশ শ্রেণিতে ক্লাস ২০২৩ সালের ১ জুলাই থেকে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল, যা ২০২৩ সালের অক্টোবর থেকে অনুষ্ঠিত হয়েছে। ফলে ২০২৫ এর পরীক্ষার্থীদের এইচএসসি পরীক্ষা পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হলে তাদের জন্য নির্ধারিত ক্লাসের ঘাটতি থাকবে প্রায় তিন মাস। ফলে আবশ্যিক ও শাখাভিত্তিক বিষয়সমূহের সম্পূর্ণ সিলেবাস সমাপ্ত করা তাদের জন্য খুবই কঠিন।
- মূলত ২০২৫ সালের এই ব্যাচটি কোভিডের কারণে একাডেমিকভাবে বঞ্চিত একটি ব্যাচ। প্রতিষ্ঠানের নিয়মিত ক্লাসের অভাবে তারা প্রায় সকল বিষয়ে শিখন ঘাটতি নিয়েই এসএসসি উত্তীর্ণ হয়েছে এবং এইচএসসিতেও তাদেরকে পূর্ণ মেয়াদে পর্যাপ্ত ক্লাসের সুযোগ দেওয়া বিভিন্ন কারণে সম্ভব হচ্ছে না।

০৩। সভাপতি তিনি আরও উল্লেখ করেন যে, ২০২৭ সাল থেকে যেহেতু নতুন শিক্ষাক্রম অনুযায়ী এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেক্ষেত্রে ২০২৩-২০২৫ এবং ২০২৪-২০২৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্যও পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুসরণ করা যেতে পারে, যাতে পরবর্তী দুই বছর (২০২৬ ও ২০২৭) অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষাও একই সিলেবাসে নেওয়া যায়, শিক্ষার্থীদের জন্য অনেক ক্ষেত্রে সুবিধা হবে।

১১/২/২৪

০৪। সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২০২৫ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষার সিলেবাস ২০২৩ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার জন্য পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(০৫.০২.২০২৪)
মহিবুল হাসান চৌধুরী, এম.পি.
মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নম্বর-৩৭.০০.০০০০.০৭১.০৭.১৩৯.১৯-১৮৩

তারিখ: ২৫ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিতরণ ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০২। অতিরিক্ত সচিব/অনুবিভাগ প্রধান (কলেজ/মাধ্যমিক-১/২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৩। অতিরিক্ত সচিব (কারিগরি/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
০৭। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), মতিঝিল, ঢাকা
০৮। সভাপতি, আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
০৯। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১০। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১১। প্রফেসর মোঃ মশিউজ্জামান, সদস্য (শিক্ষাক্রম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)
১২। সচিব, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), মতিঝিল, ঢাকা
১৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী
উপসচিব



CS CamScanner

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

স্মারক নং: এনসিটিবি/শিউ/২৫৭/২০০৯/ ২৭০

তারিখ: ৩০ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৫ সালের এইচএসসি, আলীম ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার সিলেবাস বিষয়ক সিদ্ধান্ত অবহিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৮ জানুয়ারি ২০২৪ খ্রি. মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় ২০২৫ সালের এইচএসসি, আলীম ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার সিলেবাস বিষয়ক সিদ্ধান্ত গৃহীত হয় (সভার কার্যবিবরনী সংযুক্ত)। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী ২০২৫ সালের এইচএসসি, আলীম ও এইচএসসি (ভোকেশনাল) সিলেবাস ও পরীক্ষা সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

১৩/২/২০২৪

**(প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম)**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
ফোন: ২২৩৩৮৫৪৩২

**সভাপতি**
আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা

সংযুক্তি : ২৮/০১/২০২৪ তারিখে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী

স্মারক নং: এনসিটিবি/শিউ/২৫৭/২০০৯/ ২৭০(০১)/৬

তারিখ: ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৩. সদস্য (অর্থ/পাঠ্যপুস্তক/শিক্ষাক্রম/প্রাথমিক শিক্ষাক্রম), এনসিটিবি
০৪. পি এ টু চেয়ারম্যান, এনসিটিবি
০৫. পি এ টু সদস্য (শিক্ষাক্রম), এনসিটিবি
০৬. সংরক্ষণ নথি

১৩/২/২৪

সচিব (অঃদাঃ)
ফোন: ২২৩৩-৮৫৬৪৪

CamScanner

# বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

অফিস : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং- আশিবো/প্রশা:/২০১০/১১ তারিখ: ১৮/০২/২০২৪খ্রি.

বিষয়: ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার সিলেবাস বিষয়ক সিদ্ধান্ত অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: ১) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৮/০১/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।
২) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা-এর স্মারক নং- এনসিটিবি/শিউ/২৫৭/২০০৯/২৭০, তারিখ- ১৩/০২/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৮ জানুয়ারি ২০২৪খ্রি. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার সিলেবাস বিষয়ক সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী ২০২৫ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি ও সমমান পরীক্ষার সিলেবাস ২০২৩ সালে অনুষ্ঠিত এইচএসসি ও সমমান পরীক্ষার জন্য পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

এবিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১. শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৮/০১/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।
২. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা-এর ১৩/০২/২০২৪ তারিখের পত্র।

১৮/০২/২০২৪

প্রফেসর তপন কুমার সরকার
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ও
সভাপতি
বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ফোন : ৯৬১৫২৩৫

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অফিস কপি

CS CamScanner